



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ সেপ্টেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সংস্কারবাদী দল ত্যাগ করে ইউপিডিএফ-এ আশ্রয় নেয়া দুই কর্মীকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ২১ সেপ্টেম্বর ২০১৮, শুক্রবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে সংস্কারবাদী জেএসএস ত্যাগ করে ইউপিডিএফ-এ আশ্রয় নেয়া আকর্ষণ চাকমা (৪০) ও শ্যামল কান্তি চাকমা ওরফে সুমন্ত (৩৮) নামে দুই কর্মীকে হত্যার তীব্র নিন্দা জানিয়েছেন এবং অবিলম্বে হত্যাকারী সংস্কারবাদী সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, গতকাল বৃহস্পতিবার দিবাগত গভীর রাত আনুমানিক ১.০০টার সময় সংস্কারবাদী জেএসএস-এর একদল সশস্ত্র সদস্য নান্যাচর উপজেলার রামসুপারি পাড়ায় গিয়ে আকর্ষণ ও শ্যামল কান্তি চাকমাকে গুলি করে হত্যার পর পালিয়ে যায়। নিহতরা দু'জনই সংস্কারবাদী দল ত্যাগ করে ইউপিডিএফ-এর কাছে আশ্রয় নিয়েছিলেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, সংস্কারবাদী দলের নানা দুর্নীতি-অনিয়ম ও জাতীয় স্বার্থ পরিপন্থি কার্যকলাপের কথা জনসম্মুখে প্রকাশ করে দেয়ার কারণে প্রতিহিংসার বশবর্তী হয়ে তাদের হত্যা করা হয়েছে।

তিনি অবিলম্বে আকর্ষণ ও শ্যামলের হত্যাকারী সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।